দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 DEC 1995
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষকগণ ক্লাসে পড়ানোর চাইতে টিউশনীতে অধিক আগ্রহী

মাদারীপুর সংবাদদাতা ॥ শিক্ষকদের মধ্যে প্রাইভেট টিউশনীর প্রবণতা বৃদ্ধি পাওয়ায় জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান দিন দিন অবনতি ঘটিতেছে। স্কুল-কলেজগুলিতে কর্মরত অনেক শিক্ষক ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসে শিক্ষা দানের পরিবর্তে প্রাইভেট পড়াইতে অধিক আগ্রহী।

জানা যায়, জেলার বেসরকারী

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## শিক্ষকগণ ক্লাশে

(৩য় পৃঃ পর)

কলেজ ও মাধ্যমিক স্কুলগুলির পাশাপাশি সরকারী কলেজের শিক্ষকরাও প্রাইভেট টিউশনী লইয়া ব্যস্ত। সরকারী হাইস্কুলের কতিপয় শিক্ষক প্রাইভেট পড়াইতেই যেন অধিক আগ্রহী। এই টিউশনী প্রথা চালু থাকার ফলে অর্থনৈতিকভাবে সচ্ছল কিছুসংখ্যক ছাত্রছাত্রীর সুবিধা হইলেও অধিকাংশ গরীব ছাত্র-ছাত্রী ক্ষতিগ্রস্ত হইতেছে। তাহারা নিয়মিত ক্লাসে যথাযথ শিক্ষা পায় না। কোন কোন শিক্ষক যেনতেন প্রকারে ক্লাসে পড়াইয়াই টিউশনী করিতে চলিয়া যান। তাহারা ২/৩ শিফটেও টিউশনী করেন। অভিভাবক মহলের অভিযোগ, এই শিক্ষকরা ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসে ঠিকমত না পড়াইয়া তাহাদেরকে ভাল ফলাফলের লোভ দেখাইয়া প্রাইভেট পড়িতে আগ্রহী করিয়া তোলেন। তাহারা শিক্ষকতাকে লাভজনক পেশা হিসাবে বাছিয়া নিয়াছেন। এইদিকে জেলার কোন কোন কলেজের শিক্ষক প্রাইভেট পড়ান ছাড়াও নোট ব্যবসা লইয়া বেশী ব্যস্ততা দেখান বলিয়া অভিযোগ পাওয়া যায়।